CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2021/TDC(CBCS)/EVEN/SEM/ BNGDSE–602T/009**

**TDC (CBCS) Even Semester Exam., September—2021**

# BENGALI

**( 6th Semester )**

Course No. : BNGDSE–602T

**( রবীন্দ্র-পরবর্তী বাংলা কবিতা )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন কুড়িটি) : ১×২০=২০

১। কবি সুভাষ মুখোপাধ্যায়ের প্রথম কাব্যগ্রন্থ কোনটি ?

২। বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় সুভাষ মুখোপাধ্যায়কে কী পুরস্কার দিয়েছিল ?

৩। কবি সুভাষ মুখোপাধ্যায় কোন্ রাজনৈতিক মতাদর্শে বিশ্বাসী ছিলেন ?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪। ‘বধূ’ কবিতাটি সুভাষ মুখোপাধ্যায়ের কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

৫। “তারপর দড়াম করে দরজা বন্ধ হবার শব্দ।” পংক্তিটি কোন্ কবিতার অন্তর্গত?

৬। ‘একটি কবিতার জন্যে’ কবিতাটি সুভাষ মুখোপাধ্যায়ের কোন্ কাব্যগ্রন্থের কবিতা?

৭। “প্রিয় ফুল খেলবার দিন নয় অদ্য
ধ্বংসের মুখোমুখি আমরা।”

কোন্ বিখ্যাত কবিতায় সুভাষ মুখোপাধ্যায় এই কথাগুলি বলেছেন?

৮। ‘ফুল ফুটুক না ফুটুক’ কবিতায় একটি মেয়ের প্রসঙ্গ আছে। তার গায়ের রঙ কেমন?

৯। কবি বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মসন কত?

১০। ছাত্রাবস্থায় কোন্ সমিতির সঙ্গে কবি বীরেন্দ্র চট্টোপাধ্যায় জড়িত হন?

১১। বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের ‘মুখোশ’ কবিতাটি তাঁর কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

১২। বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের ‘শ্রেষ্ঠ কবিতা’ ১৯৮২ সালে কী পুরস্কার লাভ করে?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



১৩। 'যুদ্ধের বিরুদ্ধে' কবিতায় বেঁচে থাকার জন্য কত ফুট জমির দরকার বলা হয়েছে?

১৪। "তোমার ন্যাংটো ছেলেটা
কবে যে হয়েছে মেহের আলি,"
'মেহের আলি' রবীন্দ্রনাথের কোন্ ছোটগল্পের চরিত্র?

১৫। "কোথায় তাদের ঘর" এখানে কাদের ঘরের কথা জিজ্ঞেস করা হয়েছে?

১৬। বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের 'স্থিরচিত্র' কবিতায় চরণসংখ্যা কত?

১৭। কবি শক্তিপদ ব্রহ্মচারী কোন্ পত্রিকাগোষ্ঠীর অন্যতম কবি ছিলেন?

১৮। 'মনসামঙ্গল' কবিতায় কোন্ ঋতুর কথা পাওয়া যায়?

১৯। শক্তিপদ ব্রহ্মচারী কোন্ কলেজে অধ্যাপনা করতেন?

২০। 'যখন ব্যক্তিগত কারণে চিন্তাগ্রস্ত' কবিতায় লাগামছেঁড়া কয়টি ঘোড়ার কথা বলা হয়েছে?

২১। 'দুঃখী স্ত্রীলোকের কাছে' কবিতার কথক একটি চকচকে দু'আনি কাকে ধার দিয়েছিলেন?

২২। 'একটি গ্রামীণ পদ্য' কবিতায় উল্লিখিত নদীটির নাম কী?

২৩। "সায়ের ঝিয়ারি যায় অনন্ত ভাসানে।" 'সায়ের ঝিয়ারি' কে?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২৪। কবি শক্তিপদ ব্রহ্মচারী কোন্ অঞ্চলের অধিবাসী ছিলেন?

২৫। কবি শক্তি চট্টোপাধ্যায়ের 'শ্রেষ্ঠ কবিতা' গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়?

২৬। 'নীল ভালবাসায়' কবিতাটি শক্তি চট্টোপাধ্যায়ের কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

২৭। শক্তি চট্টোপাধ্যায়ের 'শ্রেষ্ঠ কবিতা' কবে প্রথম প্রকাশিত হয়?

২৮। 'মৃত্যুর পরেও যেন হেঁটে যেতে পারি' কবিতাটি কার স্মৃতির উদ্দেশ্যে রচিত?

২৯। "সন্তানের মুখ ধরে একটি চুমো খাবো।" শক্তি চট্টোপাধ্যায়ের কোন্ কবিতায় এই আকাঙ্ক্ষা ব্যক্ত হয়েছে?

৩০। 'কক্সবাজারে সন্ধ্যা' কবিতায় কোন্ সমুদ্রের প্রসঙ্গ আছে?

৩১। শক্তি চট্টোপাধ্যায়ের প্রথম কাব্যগ্রন্থ কোনটি?

৩২। শক্তি চট্টোপাধ্যায় কত সালে জন্মগ্রহণ করেন?

৩৩। 'সেই নারী' কবিতাটি কবিতা সিংহের কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

৩৪। বিশ শতকের কবিতা আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন বলে কবিতা সিংহের বন্ধুরা তাঁকে কী বলে ডাকতেন?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩৫। 'আন্তিগোনে' নাটকটি কার রচিত?

৩৬। কার অনুপ্রেরণাতে কৈশোরেই কবিতা রচনা আরম্ভ করেন কবিতা সিংহ?

৩৭। কবিতা সিংহের 'শ্রেষ্ঠ কবিতা' কাকে উৎসর্গ করা হয়?

৩৮। "আমার অপমানের প্রয়োজন আছে।" কবিতা সিংহ তাঁর কোন্ কবিতায় এ কথা বলেছেন?

৩৯। 'গর্জন সত্তর' কবিতায় একটি আগ্নেয়াস্ত্রের প্রসঙ্গ আছে, সেটি কী?

৪০। কবিতা সিংহের জন্মসন কত?

## SECTION—B

সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন পাঁচটি) : ২×৫=১০

৪১। কবি সুভাষ মুখোপাধ্যায়ের জন্ম ও মৃত্যু সন উল্লেখ করো।

৪২। সুভাষ মুখোপাধ্যায়ের 'শ্রেষ্ঠ কবিতা' কবে প্রথম প্রকাশিত হয়? এটি কাকে উৎসর্গ করা হয়?

৪৩। দু'জন বিখ্যাত কবি বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের কলেজজীবনের শিক্ষক ছিলেন, তাঁরা কারা?

৪৪। কবি বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের দুটি উল্লেখযোগ্য কাব্যগ্রন্থের নাম লেখো।

৪৫। কবি শক্তিপদ ব্রহ্মচারী কত সালে, কোথায় জন্মগ্রহণ করেন?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪৬। "তোমাতে নই, আমাতে নই, সময়ে আছি লিপ্ত
গুটিকয়েক ইচ্ছে ছিল, উড়ায়ে পরিতৃপ্ত—" পংক্তি দুটি শক্তিপদ ব্রহ্মচারীর কোন্ কবিতার? কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

৪৭। কক্সবাজার জায়গাটি কোন্ দেশে অবস্থিত? 'কক্সবাজারে সন্ধ্যা' কবিতাটি শক্তি চট্টোপাধ্যায়ের কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

৪৮। 'যেতে পারি কিন্তু কেন যাবো' কবিতায় কে কে কবিকে 'আয় আয়' বলে আহ্বান করেছে?

৪৯। কবিতা সিংহের কবিতা প্রকাশিত হত এমন দুটি পত্রিকার নাম লেখো।

৫০। কবিতা সিংহের 'আন্তিগোনে' কবিতাটি তাঁর কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? কাব্যগ্রন্থটি তিনি কাকে উৎসর্গ করেছেন?

## SECTION—C

নাতিদীর্ঘ উত্তর লেখো (যে-কোন পাঁচটি) : ৮×৫=৪০

৫১। কবি সুভাষ মুখোপাধ্যায়ের 'ফুল ফুটুক না ফুটুক' কবিতাটির ভাবসৌন্দর্য বিশ্লেষণ করো।

৫২। কবি সুভাষ মুখোপাধ্যায় সম্পর্কে কবি-সমালোচক বুদ্ধদেব বসু মন্তব্য করেছিলেন, "তিনি বোধহয় প্রথম বাঙালী কবি যিনি প্রেমের কবিতা লিখে কাব্য-জীবন আরম্ভ করলেন না। ...এটা বোঝা যাচ্ছে যে এখন আমরা ইতিহাসের এমন একটি পর্যায়ে পৌঁছেছি যখন বাঙালী কবির হাতেও কবিতা আর শুধুই বীণা হয়ে বাজছে না, অস্ত্র হয়েও ঝলসাচ্ছে।" 'যে দিনের কবিতা' আলোচনা করে মন্তব্যটির যৌক্তিকতা প্রতিপন্ন করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৫৩। "কবি বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের 'যুদ্ধের বিরুদ্ধে' কবিতাটির ছত্রে ছত্রে ধ্বনিত হয়েছে সাম্রাজ্যবাদী-লোভী মানসিকতার প্রতি তীব্র শ্লেষ"—কবিতাটি বিশ্লেষণ করে মন্তব্যটির সারবত্তা আলোচনা করো।

৫৪। " 'রাজা আসে যায়' কবিতায় কায়েমী স্বার্থের বিরুদ্ধে তীব্র ক্ষোভ ও অসহায় মানুষের সকরুণ অবস্থার বর্ণনা অত্যন্ত নিপুণভাবে উপস্থাপন করেছেন কবি বীরেন্দ্র চট্টোপাধ্যায়।" আলোচনা করো।

৫৫। "বেহুলার অনন্ত ভাসানের মাধ্যমে 'মনসামঙ্গল' কবিতায় কবি বাঙালির রক্তের সঙ্গে মিশে থাকা চিরন্তন প্রত্নকথাটিকে রূপায়িত করেছেন।" মন্তব্যটি ব্যাখ্যা করো।

৫৬। কবি শক্তিপদ ব্রহ্মচারীর 'যখন ব্যক্তিগত কারণে চিন্তাগ্রস্ত' কবিতাটির একটি রসগ্রাহী আলোচনা প্রস্তুত করো।

৫৭। "বাংলা কবিতার রাজ্যে শক্তি চট্টোপাধ্যায় সেই নাম যা উচ্চারিত হওয়া মাত্রই এক বিশেষ আবহ তৈরী হয়। গত তিন দশকের কিছু বেশি সময় ধরে আর কোন কবিকে নিয়েই এত উদ্বেগ, এত বিস্ময়, এত তুমুল আলোড়ন দেখা যায়নি।" তোমার পঠিত কবিতা অবলম্বনে মন্তব্যটির আলোকে শক্তি চট্টোপাধ্যায়ের কবি-প্রতিভার স্বরূপ বিশ্লেষণ করো।

৫৮। "কবি শক্তি চট্টোপাধ্যায়ের 'যেতে পারি কিন্তু কেন যাবো' কবিতাটির পরতে পরতে এমনভাবে মিশে আছে ভালবাসার অজস্র পিছুটান ও অনুষঙ্গ যে মনে হয় শক্তির কবিতায় মৃত্যু ও প্রেম দুই সহচরের মতো হাত ধরাধরি করে হেঁটে চলে দিগন্ত রেখা পর্যন্ত।" কবিতাটি বিশ্লেষণ করে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৫৯। "কবিতা সিংহ্ মূলত নারীবাদী কবি।" তোমার পাঠ্য কবিতাগুলি অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

৬০। "যার জন্ম হয়েছিল সমাজ নির্দেশিত অন্যায়ের মধ্যে, সেই দাঁড়াতে পেরেছিল মানুষের অন্যায়ের বিরুদ্ধে।" 'আন্তিগোনে' কবিতার মূল বক্তব্য এর মধ্যেই নিহিত—আলোচনা করো।

★★★